

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

বিশেষ আদেশ নং- .৯.০১৯/কাস্টমস/ ৩০০৬

তারিখঃ ১৯/০৮/২০১৯ খ্রিঃ।

বিশেষ আদেশ

**বিষয়:** জনাব আবুল মাল আবদুল মুহিত, সাবেক সংসদ সদস্য ও সাবেক অর্থমন্ত্রী কর্তৃক আমদানিকৃত টয়োটা ল্যান্ড ক্রুজার জিপ এর শুল্ক-করাদি অব্যাহতি সংক্রান্ত।

- সূত্রঃ**
- (১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.৯৯.০১৬.১৮-৩৭৮, তারিখঃ ১২ জুন, ২০১৯ খ্রিঃ।
  - (২) সংসদ সচিবালয়ের পত্র নং-১১.০০.০০০০.৬১০.৬৩.১৩৯.১৮.২৯৮, তারিখঃ ২১ মে, ২০১৯ খ্রিঃ।
  - (৩) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস, আর, ও নং-২৩৮-আইন/ ২০১০/ ২৩১৭/ শুল্ক, তারিখঃ ২৯ জুন, ২০১০ খ্রিঃ।

জনাব আবুল মাল আবদুল মুহিত সাবেক সংসদ সদস্য ও সাবেক মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক আমদানিকৃত একটি টয়োটা ল্যান্ড ক্রুজার স্টেশন ওয়ান জিপ শুল্কমুক্ত সুবিধায় ছাড়করণের লক্ষ্যে জাতীয় সংসদ সচিবালয়ের সুপারিশ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরিত হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে তিনি ১০ম জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য ও মাননীয় অর্থমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করলেও ১১তম জাতীয় সংসদে পুনঃনির্বাচিত হননি। সে প্রেক্ষিতে সূত্র (৩) এর আওতায় শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা প্রাপ্য না হলেও বাস্তবিক অবস্থার নিরিখে এক্ষেত্রে উক্তরূপ সুবিধা প্রদানের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। এমতাবস্থায়, The Customs Act, 1969 এর section 20 এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আমদানিকৃত গাড়িটি (Toyota Land cruiser-v8 Chasis: JTMHV05JX04271792, Model: 2018) খালাসের ক্ষেত্রে প্রযোজ্য সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

শর্ত

- (১) আমদানিকৃত গাড়ি আমদানির পরবর্তী পাঁচ বৎসরের মধ্যে অন্যত্র হস্তান্তর বা বিক্রয় করা যাইবে না। তবে শর্ত থাকে যে, গাড়ি আমদানির পর পাঁচ বৎসর অতিবাহিত হইবার পূর্বে উক্ত গাড়ি হস্তান্তর বা বিক্রয় করিতে হইলে উহা হস্তান্তর বা বিক্রয়ের পূর্বে এই অনুমোদনের আওতায় অব্যাহতিপ্রাপ্ত সমুদয় শুল্ক-কর সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনার এর নিকট পরিশোধ করিতে হইবে;
- (২) গাড়ীর রেজিস্ট্রেশন হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট হইতে পূর্বসম্মতি গ্রহণপূর্বক উহা সংশ্লিষ্ট শুল্ক ভবনে দাখিল করিতে হইবে; এবং
- (৩) গাড়ি আমদানির তারিখের পরবর্তী পাঁচ বৎসরের মধ্যে আমদানিকারক মৃত্যুবরণ করিলে তাঁহার উত্তরাধিকারীগণকে কোনরূপ শুল্ককর পরিশোধ করিতে হইবে না। তবে শর্ত থাকে যে, উক্ত আমদানিকৃত গাড়ি মূল আমদানিকারকের উত্তরাধিকারীগণের নামে নাম পরিবর্তন ব্যতীত অন্য কাহারো নামে হস্তান্তর বা বিক্রয় করিতে হইলে এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতিপ্রাপ্ত সমুদয় শুল্ককর উক্ত গাড়ি হস্তান্তর বা বিক্রয়ের পূর্বে সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনার এর নিকট পরিশোধ করিতে হইবে।

সংযুক্তি: আমদানি দলিলাদি--১৬---পৃষ্ঠা

কমিশনার

কাস্টম হাউস, চট্টগ্রাম।



মোঃ জাহাঙ্গীর আলিম

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com